



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৪১৮.১৮-২০০

তারিখঃ ১৪/০৩/২০১৮ খ্রি:

বিষয়ঃ কৈফিয়ত তলব।

সূত্র : ইরেসপো/বাপউবো/মনপুরা/২০১৮-২০৫ তারিখঃ ০৬/০৩/১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের স্মারক নং ৯৭(ক) তারিখঃ ০৬/০২/১৮খ্রিঃ মূলে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু আপনি সূত্রোক্ত স্মারক মূলে যে জবাব প্রেরণ করেছেন তা সন্তোষজনক নয়। আপনি উল্লেখ করেছেন বাপার্ভে প্রশিক্ষণে গমনের পূর্বে ব্ল্যাংক চেক স্বাক্ষর করেছেন যা আপনার প্রশিক্ষণকালীন অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণে ব্যবহৃত হয়; কিন্তু চেকে স্বাক্ষরকারী হিসেবে আপনি না বুঝে ব্ল্যাংক চেক স্বাক্ষর করেছেন বলে দায় এড়াতে পারেন না। এছাড়া আপনি উক্ত উপজেলার স্থায়ী বাসিন্দা হওয়া সত্ত্বেও খেলাপীকৃত সমিতির সদস্যদের চিহ্নিত করে ঋণ আদায় করতে পারছেন না; যা আপনার দায়িত্বে অবহেলা হিসেবে কর্তৃপক্ষের নিকট বিবেচিত হয়। এমতাবস্থায়, আপনার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০১৪৩

জনাব মোঃ রিপন
হিসাব সহকারী
ইরেসপো, বিআরডিবি
মনপুরা, ভোলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)